

## গণতন্ত্র মানে...

অনন্ত বিজয় দাশ

২৮-১০-০৭

গণতন্ত্র মানে এদেশে, ঘাতকের গুলিতে রক্তাক্ত পনের আগস্ট, ‘কোদাল-শিল্পী’র জাগদল, তারপর ‘আঙা-পিরে’র বান্দা বিশ্ববেহায়ার লাম্পট্য আর ধর্ষণ...

বাঙালির ইতিহাস, একুশে ফেব্রুয়ারি, চোদ্দ-ষোল ডিসেম্বর ভুলে যাওয়া।

স্বাধীনতাবিরোধী রাজাকার-আলবদর ছাত্রসংঘের স্বাধীনদেশে রগকাটা ছাত্রশিবিরে উত্তরণ অথবা সুযোগ বুঝে পাকিস্তানি গো.আযমের ‘ভাষাসৈনিক’ পুচ্ছ ধারণ।

গণতন্ত্র মানে সংলাপের নামে ‘শয়তানের বাক্সে’ দাঁত কেলানো

ম্যাডাম-আপার হুঁশিয়ার-সাবধান, জ্বালো, জ্বালো-আগুন জ্বালো শ্লোগান।

একুশে আগস্টের বদলে আটাশ অক্টোবর, চ্যালা-চামুণ্ডাদের লাফালাফি, লাঠালাঠি

অতঃপর দুনীতি নিমূলের দোহাই দিয়ে জলপাইওয়ালাদের লেফট-রাইট-লেফট...।

গণতন্ত্র মানে সুশীলবাবুদের ঘরে শ্যাম্পেন-ভদকা-জিন-ইয়াবা-আইস-ফেনসিডিলের খোলাবাজার ইউনিকল-এশিয়া এনাজি নামক শেয়াল-শকুন-হায়নার অভয়ারণ্য।

ম্যাগডোনাল্ডস-কোকাকোলা-পেপসি-পিজ্জাহাটসের শুভ উদ্বোধন

কিংবা তলাহীন ঝুড়ির দেশে বিশ্বায়নের নামে বারোয়ারি বেশ্যায়ন।

গণতন্ত্র মানে কাটমোল্লাদের ফতোয়াবাজি, নুরজাহানের আত্মহত্যা

কাফের আযাদের কল্লা কাটা, আর তসলিমার মাথার দাম মাত্র পঞ্চাশ হাজার টাকা।

বাংলেবানদের কাছে সতের আগস্ট স্বাধীনতাদিবস, অলিতে-গলিতে মাদ্রাসা আর জঙ্গিসেন্টার বিস্তার

এবং ইসলামি জোশের ঠেলায় কোলের শিশু থেকে অশীতিপর বৃদ্ধার বোরকায়ন।

গণতন্ত্র মানে সাহেব-বাবুর হালুয়া-রুটির ভাগবাটোয়ারা

সাথে চাটনি হিসেবে গরিবের ঘামে সেদ্ধ হাড়-মাংস-ঘিলু।

শীতের রাতে লোটা-কম্বলহীন দরিদ্রের খোলা আকাশের নীচে অবাধ বিচরণ

আর সুন্দরী প্রতিযোগিতার নামে কোটি টাকা খরচ করে ন্যাংটা হয়ে বগল বাজানো।



যোগাযোগ : [ananta@inbox.com](mailto:ananta@inbox.com)